অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/9/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল আইনে স্বাক্ষর করেছেন এবং আত্মহত্যা প্রতিরোধ এবং মানসিক স্বাস্থ্যের প্রচারের জন্য নতুন সচেতনতা প্রচারাভিযান চালু করেছেন

স্টুডেন্ট লাইফলাইন অ্যাক্টের জন্য কলেজ স্টুডেন্ট আইডি কার্ডে স্টেটের 988 সুইসাইড অ্যান্ড ক্রাইসিস লাইফলাইন প্রিন্ট করা থাকতে হবে

5 মিলিয়ন মার্কিন ডলারের প্রচারাভিযান সোশ্যাল মিডিয়া, স্ট্রিমিং পরিষেবা, টিভি এবং কলেজ ক্যাম্পাস জুড়ে 988 এর সচেতনতা বাড়াবে

জাতীয় আত্মহত্যা প্রতিরোধ মাসে নতুন রাষ্ট্রীয় পদক্ষেপ নেওয়া হয়

গভর্নর ক্যাথি হোকল আজ আইনে স্বাক্ষর করেছেন এবং আত্মহত্যা প্রতিরোধ এবং মানসিক স্বাস্থ্যের প্রচারে সহায়তা করার জন্য একটি নতুন স্টেটব্যাপী, মাল্টিমিডিয়া প্রচারাভিযানের কথা ঘোষণা করেছেন। প্রণীত আইন S1865B/A6563A — স্টুডেন্ট লাইফলাইন অ্যাক্ট — নিউ ইয়র্ক স্টেটের কলেজগুলিকে সমস্ত শিক্ষার্থীর আইডি কার্ডে স্টেটের 988 সুইসাইড অ্যান্ড ক্রাইসিস লাইফলাইন (State’s 988 Suicide and Crisis Lifeline) সম্পর্কে তথ্য প্রিন্ট করতে হবে। সেপ্টেম্বরে আত্মহত্যা প্রতিরোধ মাসের সাথে একত্রে, গভর্নর এবং স্টেটের মানসিক স্বাস্থ্য দপ্তর (Office of Mental Health) 988-এর সচেতনতা বাড়ানোর জন্য 5 মিলিয়ন মার্কিন ডলারের একটি প্রচারাভিযান চালু করেছে, যা বিনামূল্যের, গোপনীয়, নিরপেক্ষ এবং ফোন, টেক্সট, বা চ্যাটের মাধ্যমে দিনে বা রাতে যেকোনো সময় অ্যাক্সেস করা যেতে পারে।

“988 সুইসাইড অ্যান্ড ক্রাইসিস লাইফলাইন এর অর্থ, সহায়তা সবসময় উপলভ্য, এটা মানসিক স্বাস্থ্য বা উপাদানের ব্যবহার সংক্রান্ত সংকটের সম্মুখীন হওয়া কারোর জন্য বা কারোর এই সহায়তার প্রয়োজন আছে বলে কেউ জনালে তার জন্য,” **বলেছেন গভর্নর হোকল।** “যেহেতু আমরা আত্মহত্যা প্রতিরোধ মাসকে স্বীকৃতি দিই, আমাদের অবশ্যই নিশ্চিত করতে হবে যে সমস্ত নিউ ইয়র্কবাসী এই গুরুত্বপূর্ণ সংস্থান সম্পর্কে সচেতন এবং তাদের বা তাদের পরিচিত কারোর সহায়তার প্রয়োজন হলে তারা এটি ব্যবহার করতে ইচ্ছুক।”

সিনেটর সামরা ব্রুক এবং অ্যাসেম্বলি মেম্বার সারাহ ক্লার্ক এর স্পনসর করা স্টুডেন্ট লাইফলাইন অ্যাক্ট এর আবশ্যিকতা অনুযায়ী, 2025 সালের মধ্যে নিউ ইয়র্কের সমস্ত কলেজ শিক্ষার্থীদের আইডি কার্ডে 988 লাইফলাইন সম্পর্কে তথ্য থাকতে হবে। এই আইন অনুযায়ী, 988 নম্বরটি কখন ব্যবহার করতে হবে তা বর্ণনা করার জন্য কলেজগুলিকে অবশ্যই

শিক্ষার্থীদের সংস্থান সরবরাহ করতে হবে। আইডি কার্ড ইস্যু করে না এমন যে কোনো কলেজকেও তাদের অন্যান্য উপকরণের মাধ্যমে প্রতি বছর শিক্ষার্থীদের 988 এর তথ্য বিতরণ করতে হবে।

স্টেটের মানসিক স্বাস্থ্য দপ্তর এর নেতৃত্বে, নিউইয়র্কের স্টেটব্যাপী 5 মিলিয়ন মার্কিন ডলারের জনসচেতনতা প্রচারাভিযানে স্লোগান থাকবে, 'আমরা তোমার কথা শুনি,' এর উদ্দেশ্য হল যখনই তাদের পরিচিত কেউ একটি মানসিক স্বাস্থ্য বা উপাদান ব্যবহার সংকটের সম্মুখীন হয় তখন আরও বেশি নিউ ইয়র্কবাসীকে স্টেটের 988 সুইসাইড অ্যান্ড ক্রাইসিস লাইফলাইন ব্যবহার করতে উৎসাহিত করা। বিজ্ঞাপনগুলি সোশ্যাল মিডিয়া সহ একাধিক প্ল্যাটফর্মে; কলেজ ক্যাম্পাসে এবং ইভেন্টগুলিতে বিলবোর্ড, সাইনেজে; ক্রীড়া ইভেন্টের সময়; প্রথাগত টেলিভিশন এবং রেডিওতে; এবং স্ট্রিমিং মিউজিক এবং ভিডিও পরিষেবার মতো অন্যান্য ডিজিটাল প্ল্যাটফর্মে পরিবেশিত হবে।

প্রচারাভিযানে এমন কিছু বিজ্ঞাপন অন্তর্ভুক্ত করা হবে যা 988 থেকে উপকৃত হতে পারেন এমন স্বতন্ত্র জনসংখ্যার উপর ফোকাস করে কিন্তু ফোকাস গ্রুপে এই পরিষেবাটির স্বীকৃতি কম ছিল। এর মধ্যে রয়েছে প্রথম-প্রতিক্রিয়াকারী এবং স্বাস্থ্যসেবা পেশাদার; স্কুলে পড়া তরুণ এবং কলেজ শিক্ষার্থী; এবং কৃষ্ণাঙ্গ, ল্যাটিনা এবং LGBTQ+ ব্যক্তিবর্গ।

মানসিক স্বাস্থ্য অফিসের কমিশনার ডা. অ্যান সালিভান বলেছেন, "আত্মহত্যা প্রতিরোধ করার সর্বোত্তম উপায় হল আপনি যদি হতাশ, বিষণ্ণ বা অস্থির বোধ করেন তবে আগে থেকেই সহায়তা চাওয়া। এবং সহায়তা পাওয়ার সবচেয়ে কার্যকর উপায়গুলির মধ্যে অন্যতম 988 নম্বরে কল করা এবং একজন প্রশিক্ষিত কাউন্সেলরের সাথে কথা বলা এবং আপনার যে সহায়তার প্রয়োজন হতে পারে তা পাওয়া। এই গুরুত্বপূর্ণ সংস্থানের জন্য গভর্নর হোকলের অব্যাহত সমর্থন, আমাদের স্টেটে জীবন রক্ষা করছে।"

স্টেট সিনেটর সামরা জি. ব্রুক বলেছেন, "মানসিক স্বাস্থ্য এবং চাপ কলেজ শিক্ষার্থীদের গভীর ভাবে প্রভাবিত করছে — এই স্টুডেন্ট লাইফলাইন বিলটি জীবন রক্ষাকারী আইন প্রণয়ন যা শিক্ষার্থী এবং তাদের পরিবারের সংকট মোচন করতে পারবে। আমাদের অবশ্যই তরুণদের কথা শুনতে হবে যখন তারা বলে যে তাদের কলেজে আরও মানসিক স্বাস্থ্য পরিষেবা দরকার। এই প্রণীত আইনটি ছাত্রদের মতামতের প্রত্যক্ষ প্রতিক্রিয়া এবং মানসিক স্বাস্থ্য সংক্রান্ত কথোপকথনে যুবকদের মতামতকে গুরুত্বের মূল কেন্দ্রে রেখে একটি গুরুত্বপূর্ণ প্রয়োজন হিসাবে গঠিত হয়েছিল। শিক্ষার্থীর আইডিগুলিতে 988 এর মাধ্যমে, তরুণদের সহানুভূতিশীল পরিচর্যার সাথে একটি প্রত্যক্ষ সংযোগ রয়েছে। এটি নিউ ইয়র্ক স্টেটের যুবকদের মানসিক স্বাস্থ্যের জন্য একটি বিশাল বিজয় — মানসিক স্বাস্থ্য সংক্রান্ত সংকটগুলি ঘটার আগেই সেগুলির মোকাবেলা করার প্রয়োজনীয়তাকে অগ্রাধিকার দেওয়ার জন্য আমি গভর্নর হোকলের কাছে কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলিমেম্বার সারাহ ক্লার্ক বলেছেন, "আত্মহত্যা মার্কিন যুক্তরাষ্ট্রে কলেজ শিক্ষার্থীদের মৃত্যুর দ্বিতীয় প্রধান কারণ এবং অনেক শিক্ষার্থী আত্মহত্যা, আত্মহত্যার চেষ্টা বা নিজেকে ইচ্ছাকৃত আঘাতের কথা বিবেচনা করে। এই ধরনের চিন্তাভাবনার সম্মুখীন হলে, নিউ ইয়র্ক জুড়ে শিক্ষার্থীদের সঙ্গে সঙ্গে পাওয়া যাবে এমন সংস্থানসমূহ সম্পর্কে সচেতন হওয়া অত্যাবশ্যক। 988 সুইসাইড অ্যান্ড ক্রাইসিস লাইফলাইন এবং 741741-এ ক্রাইসিস টেক্সট লাইন শিক্ষার্থীদের

আইডি কার্ডে অন্তর্ভুক্ত করার মাধ্যমে সবসময় সহজেই অ্যাক্সেসযোগ্য, তা নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। একজন বর্তমান কলেজ ছাত্রের মা হিসেবে, আমি নিজে মানসিক স্বাস্থ্য সহায়তার প্রয়োজনীয়তা সম্পর্কে প্রত্যক্ষভাবে জানি এবং আইনসভায় স্টুডেন্ট লাইফলাইন অ্যাক্ট (Student Lifeline Act) উত্থাপন ও পাস করতে পেরে আমি অত্যন্ত গর্বিত। স্টেট জুড়ে SUNY, CUNY, কলেজ এবং বিশ্ববিদ্যালয়গুলিতে আমাদের অংশীদারদের এবং এই বিলের খসড়া করতে যারা সহায়তা এবং দেখাশুনা করেছেন তাদেরকে ধন্যবাদ এবং নিউ ইয়র্কের প্রতিটি শিক্ষার্থী যে জানে যে তাদের সহায়তার জন্য কেউ আছে তা নিশ্চিত করতে আমাদের সাথে এই পরবর্তী পদক্ষেপ নেওয়ার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।”

স্টেটব্যাপী 62টি কাউন্টিতে সমর্থিত, 988, আত্মহত্যার বিষয়ে চিন্তাভাবনা করা, উপাদানের ব্যবহারে আসক্ত, মানসিক স্বাস্থ্য সংকটের সম্মুখীন, বা অন্য কোন ধরনের মানসিক কষ্টের জন্য ব্যক্তিগত সহায়তা চান, সঙ্গে সঙ্গে সহায়তা এবং ফলো আপ পরিষেবার সাথে সংযোগ প্রয়োজন, তাদের প্রশিক্ষিত ক্রাইসিস কাউন্সেলরদের সাথে একটি সংযোগ প্রদান করে। পরিষেবাটি বিনামূল্যে, গোপনীয়, নিরপেক্ষ এবং দিনে 24 ঘন্টা এবং প্রতি সপ্তাহে সাত দিন অ্যাক্সেস করা যেতে পারে।

বছরে 35 মিলিয়ন মার্কিন ডলার থেকে 60 মিলিয়ন মার্কিন ডলারে তহবিল বৃদ্ধি করার মাধ্যমে গভর্নর হোকলের 2024 অর্থবছরের প্রণীত বাজেট উল্লেখযোগ্যভাবে 988 সঙ্কট যোগাযোগ কেন্দ্রের (Crisis Contact Centers) ধারণক্ষমতা বৃদ্ধি করেছে। 2022 সাল থেকে 478,388টিরও বেশি কল এবং 75,661টি টেক্সট এবং চ্যাট সরাসরি নিউইয়র্ক 988 ক্রাইসিস কন্টাক্ট সেন্টারে পাঠানো হয়েছে, যার মধ্যে প্রাক্তন পরিষেবা সদস্যদের কাছ থেকে আসা প্রায় 77,000 কলগুলি রয়েছে যা 988-এর ডেডিকেটেড ভেটেরান্স ক্রাইসিস লাইনের মাধ্যমে সরাসরি সংযুক্ত ছিল।

সেপ্টেম্বর মাস জাতীয়ভাবে আত্মহত্যা প্রতিরোধ মাস হিসাবে স্বীকৃত, যা আত্মহত্যা প্রতিরোধে সচেতনতা, শিক্ষা এবং পদক্ষেপের প্রচারের জন্য নিবেদিত। এই স্বীকৃতি, আত্মহত্যার জন্য হারিয়ে যাওয়া জীবনকে সম্মানিত করে, আত্মহত্যার শিকার হওয়া মানুষের আত্মীয়স্বজনদের সমর্থন করে এবং সবার জন্য মানসিক স্বাস্থ্য এবং সুস্থতার জন্য নিউ ইয়র্ক স্টেটের প্রতিশ্রুতিকে শক্তিশালী করে।

2022 সালে নিউইয়র্কে আত্মহত্যা 1,700 জনেরও বেশি ব্যক্তির জীবন হরণ করেছে। এটি 25 থেকে 34 বছর বয়সী ব্যক্তিদের মধ্যে মৃত্যুর দ্বিতীয় প্রধান কারণ এবং 10 থেকে 24 বছর বয়সী কিশোর এবং যুবকদের জন্য মৃত্যুর তৃতীয় প্রধান কারণ।

এই বছরের প্রথম দিকে, স্টেট সম্প্রদায়-ভিত্তিক পরিষেবা প্রদানকারীদের উদ্ভাবনী প্রোগ্রাম তৈরি করতে সহায়তা করার জন্য পাঁচ বছরের জন্য মোট 15 মিলিয়ন মার্কিন ডলারের পাঁচটি শর্তসাপেক্ষ পুরস্কার ঘোষণা করেছেন যা ঐতিহাসিকভাবে অবহেলিত জনসংখ্যার যুবকদের মধ্যে আত্মহত্যার ঝুঁকি কমাতে সহায়তা করবে। কানেক্টিং ইয়ুথ টু মেন্টাল হেলথ সাপোর্টস (Connecting Youth to Mental Health Supports) প্রোগ্রামের মাধ্যমে স্টেটের অর্থায়নটি গ্রামীণ এলাকায় সহ জাতিগত ও নৃতাত্ত্বিক সংখ্যালঘু জনগোষ্ঠী এবং LGBTQ+ গোষ্ঠীর মধ্যে প্রোগ্রাম এবং আত্মহত্যা প্রতিরোধ কৌশল বিকাশে সহায়তা করবে।

স্টেট তার পূর্বসূরির সুপারিশের ভিত্তিতে আত্মহত্যা প্রতিরোধ টাস্ক ফোর্স (Suicide Prevention Task Force) গঠনের লক্ষ্য নিয়ে পুনর্গঠন করেছে। এই সুপারিশগুলির মধ্যে রয়েছে জনস্বাস্থ্য ব্যবস্থাকে শক্তিশালী করা, স্বাস্থ্য ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি করা, ডেটা নজরদারি পদ্ধতির উন্নতি করা এবং স্টেটের আত্মহত্যা প্রতিরোধ কৌশলে সাংস্কৃতিক দক্ষতা যোগ করা।

সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে সমান সুযোগ প্রদান নিশ্চিত করার লক্ষ্য নিয়ে তরুণদের মধ্যে মানসিক এবং আচরণগত সমস্যার সমাধানে, গত বছর, স্টেট মার্কিন যুক্তরাষ্ট্রের স্বাস্থ্য ও মানবসেবা বিভাগের উপাদানের অপব্যবহার ও মানসিক স্বাস্থ্য সেবা প্রশাসনের (U.S. Department of Health and Human Services' Substance Abuse and Mental Health Services Administration) মাধ্যমে অর্থায়ন করা একটি পঞ্চ-বার্ষিকী 10 মিলিয়ন মার্কিন ডলারের প্রয়াস আরম্ভ করেছে। উপরন্তু,— 13টি প্রত্যয়িত কমিউনিটি আচরণগত স্বাস্থ্য ক্লিনিকে (Certified Community Behavioral Health Clinics) আত্মহত্যামুক্ত মডেল সম্প্রসারণ করার জন্য — OMH একটি পাঁচ বছরের, 3.5 মিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল অনুদানও পাবে, এটি হল স্বাস্থ্যসেবা ব্যবস্থায় আত্মহত্যা প্রতিরোধ সংযোজিত করার একটি পদ্ধতিগত পন্থা।

এই উদ্যোগগুলি ছাড়াও, নিউ ইয়র্কের সুইসাইড প্রিভেনশন সেন্টার, যা OMH এ অবস্থিত, স্টেটের প্রতিরোধ প্রচেষ্টাকে এগিয়ে নিতে প্রযুক্তিগত সহায়তা প্রদান করে এবং অনুরোধ এর মাধ্যমে উপলব্ধ বিনামূল্যের সংস্থানগুলি অফার করে। এছাড়াও কেন্দ্রটি একটি বিস্তৃত প্রশিক্ষণ পরিচালনা করেছে, যেখানে 2018 সাল থেকে প্রায় 194,000 নিউ ইয়র্কবাসী আত্মহত্যার জন্য বিশেষ কোর্স বিষয়বস্তু সম্পূর্ণ করেছে।

কেন্দ্রটি কেয়ারস আপ (CARES UP) উদ্যোগ তৈরি করেছে, একটি প্রতিরোধ প্রচেষ্টা যার লক্ষ্য ইউনিফর্ম পরিহিত কর্মীদের মধ্যে মানসিক স্বাস্থ্যকে অগ্রাধিকার দিয়ে একটি সহায়ক পরিবেশ গড়ে তোলা। 3 মিলিয়ন মার্কিন ডলারের OMH-অর্থায়নকৃত উদ্যোগটি আত্মহত্যা প্রতিরোধ প্রচেষ্টা এবং প্রথম প্রতিক্রিয়াশীল এবং অবসর নেওয়া সামরিক কর্মীদের সুস্থতা প্রোগ্রামগুলিকে উন্নত করার জন্য 13টি সংস্থাকে অনুদান প্রদান করেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন